



০৫

বাংলাদেশ নির্বাচন কমিশন
পরিসংখ্যান কর্মকর্তা
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
ও
রিটার্নিং অফিসার
রিটার্নিং অফিসারের কার্যালয়
ইউনিয়ন পরিষদ নির্বাচন-২০২১

নির্বাচন অধিকার
জনগণ জড়নী

স্মারক নং- ৫২.০১.৮৪৩৬.০০৬.০০.০১৮.২০১৫- ১৩৯(১১)

তারিখঃ ৩০.০৯.২০২১ খ্রি:

ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠানের জন্য সময়সূচির বিজ্ঞপ্তি

যেহেতু, নির্বাচন কমিশন সচিবালয়ের ২৯ সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ তারিখের ১৭.০০.০০০০.০৭৯.৪১.০০১.২১-৩৪০ নং স্মারক ও সিনিয়র জেলা নির্বাচন অফিসার, রাঙ্গামাটি পার্বত্য জেলা এর ৩০ সেপ্টেম্বর, ২০২১ তারিখের ১৭.০৩.৮৪০০.০০০.৪১.০০৪.২১.২৬৫ নং স্মারকের প্রেক্ষিতে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুযায়ী রাঙ্গামাটি পার্বত্য জেলার কাপ্তাই উপজেলার রাইখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য ও সাধারণ ওয়ার্ডের সদস্য পদে নির্বাচনের জন্য সময়সূচির প্রজ্ঞাপন জারী করা হইয়াছে।


এক্ষণে, সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১১ অনুযায়ী আমি মো: ফজলে রাকি মজুমদার, পরিসংখ্যান কর্মকর্তা, উপজেলা পরিসংখ্যান কার্যালয়, কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য রাঙ্গামাটি পার্বত্য জেলার কাপ্তাই উপজেলার রাইখালী ইউনিয়নের চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য ও সাধারণ ওয়ার্ডের সদস্য পদে নির্বাচনের জন্য নিম্নলিখিত সময়সূচি নির্ধারণ করিয়া বিজ্ঞপ্তি জারী করিতেছিঃ

(ক)	রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখঃ	:	১৭ অক্টোবর ২০২১ (রবিবার)
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	২০ অক্টোবর ২০২১ (বুধবার)
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	২৬ অক্টোবর ২০২১ (মঙ্গলবার)
(ঘ)	ভোটগ্রহণের তারিখ	:	১১ নভেম্বর ২০২১ (বৃহস্পতিবার)

ভোট গ্রহণের সময়সীমাঃ সকাল ০৮.০০ ঘটিকা হতে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত (বিরতিহীন ভাবে)

আমি আরও জানাইতেছি যে, ৩০/০৯/২০২১ তারিখ হইতে ১৭/১০/২০২১ তারিখ পর্যন্ত (ছুটির দিনসহ) সকাল ০৯.০০ ঘটিকা হইতে বিকেল ০৫.০০ ঘটিকা পর্যন্ত উল্লিখিত ইউনিয়নের চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য ও সাধারণ ওয়ার্ডের সদস্য পদে নির্বাচনে অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীদের নিকট আমার কার্যালয় (উপজেলা পরিসংখ্যান কার্যালয়, কাপ্তাই) হইতে মনোনয়নপত্র বিতরণ ও গ্রহণ করা হইবে।

স্থানঃ উপজেলা পরিসংখ্যান কার্যালয়, কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
তারিখঃ ৩০/০৯/২০২১


(মোঃ ফজলে রাকি মজুমদার)
পরিসংখ্যান কর্মকর্তা
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা
ও
রিটার্নিং অফিসার
ইউনিয়ন পরিষদ নির্বাচন-২০২১

স্মারক নং- ৫২.০১.৮৪৩৬.০০৬.০০.০১৮.২০১৫- ১৩৯(১১)

তারিখঃ ৩০/০৯/২০২১ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
০২. জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
০৩. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
০৪. পুলিশ সুপার, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
০৫. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
০৬. উপজেলা নির্বাহী অফিসার, কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
০৭. অফিসার ইনচার্জ, কাপ্তাই/চন্দ্রঘোনা থানা।
০৮. উপজেলা আনসার ও ডিডিপি অফিসার, কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
০৯. সচিব, ইউনিয়ন পরিষদ, কাপ্তাই। তাকে উক্ত বিজ্ঞপ্তি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১০. সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, কাপ্তাই।



(মোঃ ফজলে রাকি মজুমদার)
পরিসংখ্যান কর্মকর্তা
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা
ও
রিটার্নিং অফিসার
ইউনিয়ন পরিষদ নির্বাচন-২০২১